যুগান্তর
তারিখ ...
পৃষ্ঠা .. ৭ .. কলাম ...
23 2002

# আজ এনসিসিসি তথ্যপ্রযুক্তি শিক্ষামেলার শেষ দিন

গত ২১ জুলাই ঢাকার ফুলার রোডস্থ ব্রিটিশ কাউন্সিল মিলনায়তনে শুরু হয় তথ্য প্রযুক্তি শিক্ষামেলা ITQualification@UK. ব্রিটিশ কাউন্সিলে আয়োজিত এ মেলায় যুক্তরাজ্যের এনসিসি (ন্যাশনাল কম্পিউটিং সেন্টার) আওতাভুক্ত বাংলাদেশের মোট সাতটি প্রতিষ্ঠান অংশ নেয়। তিনদিনব্যাপী এ মেলার উল্লেখ্যযোগ্য দিকগুলো হলো এনসিসি আওতাভুক্ত বাংলাদেশী প্রতিষ্ঠানেসমূহের অংশগ্রহণে প্রোগ্রামিং প্রতিযোগিতা এবং এনসিসি এডুকেশন সম্পর্কিত বিভিন্ন প্রজেন্টেশন।

২১ জুলাই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী মোঃ ওসমান ফারুক বলেন, 'সরকার আইটি শিক্ষার বিস্তারে এনসিসির সঙ্গে কাজ করতে আগ্রহী'। ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, দেশের আইটি শিক্ষার ক্ষেত্রে এনসিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে'। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিলের ভারপ্রাপ্ত পরিচালক চার্লস নুটাল, পরিচালক এনসিসি কোয়ালিফিকেশনস 'দেব স্নো, আইটিসি উপদেষ্টা শাহওয়ার সাদেক, প্রেসিডেন্ট বাংলাদেশ কম্পিউটার সোসাইটি আর আই শরীফ, ব্রিটিশ হাইকমিশন প্রতিনিধি এন্ড্রু ম্যাক এলিস্টারসহ অনেকে।

**মেলার আজকের অনুষ্ঠানসূচি**

| | |
|---|---|
| ১০-১৩:০০. | এনসিসি শিক্ষার বিভিন্ন দিক সম্পর্কিত প্রেজেন্টেশন। |
| ১৫:০০-১৬:৩০ | এনসিসি গ্র্যাজুয়েটদের প্রাপ্তি |
| ১৬:৩০-১৭:২০ | সমাপনী বক্তব্য |
| ১৭:২০-১৮:০০ | পুরস্কার বিতরণী |
| ১৮:১০-১৮:১৫ | ধন্যবাদ জ্ঞাপন ও সমাপনী ঘোষণা |

উদ্বোধনী অনুষ্ঠানের পর লোক সমাগম বেশি থাকলেও দিনভর বৃষ্টির কারণে বিকালে লোক সমাগম বেশ কমে যায়। মেলার দ্বিতীয় দিন আয়োজন করা হয় প্রোগ্রামিং প্রতিযোগিতার। এ প্রতিযোগিতায় প্রথম হয়। পুরস্কার হিসেবে তিনি পাচ্ছেন ঢাকা লন্ডন-ঢাকা বিমান টিকিট ও সেখানে দুই সপ্তাহ অবস্থানকালীন যাবতীয় সুবিধা। বৃষ্টির কারণে এ দিনও খুব একটা ভিড় লক্ষ্য করা যায়নি। আইটি শিক্ষার ক্ষেত্রে আমাদের দেশে এনসিসি এডুকেশন বিশেষ ভূমিকা রাখতে পারে। এনসিসি এডুকেশনের ক্ষেত্রে বয়স কোনো বিষয় নয়। যেকোনো বয়সের মানুষ এর আওতায় তথ্য-প্রযুক্তিবিদ হতে পারেন। এসএসসি পাসের পর একজন শিক্ষার্থীকে ১ বছরের ডিপ্লোমা করতে হবে যা আমাদের দেশের কলেজ প্রথম বর্ষের সম্মান। এরপর রয়েছে এডভান্স ডিপ্লোমা যা ইন্টারমিডিয়েটের সমমান। এরপর ১ বছর গ্র্যাজুয়েশন যা অনার্স সমমান সর্বশেষ রয়েছে ২ বছরের মাস্টার্স কোর্স তবে বর্তমানে বাংলাদেশে শুধুমাত্র নিউরাল সিস্টেমস মাস্টার্স কোর্স করার অনুমতি পেয়েছে।

IT Qualifications @UK
BRITISH COUNCIL
Bangladesh

এনসিসি প্রোগ্রামে পড়াশোনা করলে তার আওতাভুক্ত পৃথিবীর যেকোনো দেশে ক্রেডিট ট্রান্সফার সুবিধা রয়েছে। বাংলাদেশের অনেক ছাত্রছাত্রী তাদের ক্রেডিট ট্রান্সফার করে পৃথিবীর বিভিন্ন দেশে পড়াশোনা করছে।

আশার কথা হলো আমাদের দেশে এনসিসি শিক্ষার মান বিশ্বের যে কোনো দেশের সঙ্গে প্রতিযোগিতায় আসার মতো। প্রতিবছর এনসিসি শিক্ষার মান বিবেচনা করে বিশ্বের মোট ৩টি প্রতিষ্ঠানকে এক্রেডিট পার্টনারশিপ এওয়ার্ড দিয়ে থাকে। এ বছর সিলেটের ইনস্টিটিটিউট অফ বিজনেস এন্ড ইনফরমেশন টেকনোলজি এ এওয়ার্ড পেয়েছে। এটা নিঃসন্দেহে আমাদের দেশের জন্য অত্যন্ত গর্বের ব্যাপার। বর্তমানে এনসিসি বাংলাদেশকে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেটের চারটি জোনে ভাগ করে তাদের কার্যক্রম পরিচালনা করছে। বিস্তারিত তথ্যের জন্য পাঠক নিচের ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

নিউরাল সিস্টেমস লিমিটেড
৮/১, আওরঙ্গজেব রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৭০৩৭, ই-মেইল : neural@bdmail.net

□ হাসিব রহমান

## টিপস



১. সার্চ বাটন কিক করার পর সার্চ বারের ওপরে Customize বাটন কিক করলে, সার্চ প্রোভাইডারদের একটি লিস্ট পাওয়া যাবে। এখান থেকে পছন্দনীয়টি বেছে নিতে পারেন।

২. এড্রেস বারে প্রয়োজনীয় শব্দ টাইপ করে Go টাইপ করুন। এতে আপনার ডিফল্ট সার্চ ইঞ্জিন প্রয়োজনীয় সার্চ শুরু করবে।